রেজিষ্ঠারী মাঠে নয়, আগামীকাল শহীদ সুলেমানে হলে বিএনপির সমাবেশ

চেম্বার ডেস্ক:: নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের অস্বাভাবিক ঊর্ধ্বগতি, দেশব্যাপী বিএনপি ও বিরোধী নেতাকর্মীদের উপর হামলার নির্যাতনের প্রতিবাদে কেন্দ্র ঘোষিত সিলেট জেলা বিএনপির শনিবারের সমাবেশের স্থান পরিবর্তন করা হয়েছে। শুক্রবার রাতে জেলা বিএনপির এক জরুরী সভায় শনিবারের সমাবেশের স্থান রেজিষ্টারী মাঠের পরিবর্তে নগরীর দরগা গেইটস্থ কেন্দ্রীয় মুসলিম সাহিত্য সংসদের শহীদ সুলেমান হলে নির্ধারণ করা হয়। বৃষ্টিজনিত প্রতিকূল আবহাওয়ার কারণে একই সাথে আবহাওয়ার পূর্ভাবাসে শনিবারও বৃষ্টি অব্যাহত থাকার আভাস থাকায় সমাবেশের স্থান পরিবর্তন করা হয়েছে।
শনিবার বেলা ২টায় শহীদ সুলেমান হলে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস। এছাড়া সমাবেশে বিএনপির কেন্দ্রীয়, সিলেট বিভাগীয় ও স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত থাকবেন।
জেলা বিএনপির সভাপতি আব্দুল কাইয়ুম চৌধুরীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক এডভোকেট এমরান আহমদ চৌধুরীর পরিচালনায় অনুষ্ঠিত জরুরী সভায় বক্তব্য রাখেন ও উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শামীম আহমদ, জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি মামুনুর রশীদ মামুন, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য ইশতিয়াক আহমদ সিদ্দিকী, সিদ্দিকুর রহমান পাপলু, এডভোকেট হাসান আহমদ পাটোয়ারী রিপন, জেলা বিএনপি নেতা কামরুল হাসান শাহীন, মহানগর বিএনপি নেতা নুরুল আলম সিদ্দিকী খালেদ, দক্ষিণ সুরমা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক কুহিনুর আহমদ, কোম্পানীগঞ্জ উপজেলা সাধারণ সম্পাদক আলী আকবর, বিএনপি নেতা এডভোকেট মুজিবুর রহমান মুজিব, এডভোকেট সাঈদ আহমদ, মতিউল বারী চৌধুরী খুর্শেদ, জেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক আব্দুর রহমান, মহানগর স্বে”ছাসেবক দলের সদস্য সচিব আজিজুল হোসেন আজিজ, জেলা স্বে”ছাসেবক দলের সদস্য সচিব দেওয়ান জাকির হোসেন খান, শ্রমিক দল নেতা ফয়সল আহমদ ও ছাত্রদল নেতা জয়নাল আহমদ প্রমূখ। সভায় জেলা বিএনপি অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।
সভাপতির বক্তব্যে আব্দুল কাইয়ুম চৌধুরী বলেন, সরকারের সীমাহিন

লুটপাট ও দুর্নীতির কারণে দেশের অর্থনীতি আজ বিধ্বস্ত। দ্রব্যমূল্যের উর্ধ্বগতিতে জনজীবন আজ দুর্বিষহ। এভাবে কোন দেশ চলতে পারেনা। দেশের প্রতিটি সেক্টরে নিজেদের দলীয় লোক নিয়োগ দেয়ায় বাজারে সিন্ডিকেট সৃষ্টি হয়েছে। সয়াবিন তেলের দাম প্রায় ২০০ টাকা। জনগণের ভোটে নির্বাচিত নয় বিধায় এই সরকারের জনগণের প্রতি কোন দায়বদ্ধতা নেই। ফ্যাসিস্ট সরকারের হাত থেকে গণতন্ত্র পুনরুদ্ধার করা হলে জনতার সরকার প্রতিষ্ঠিত হবে। দ্রব্যমূল্যের উর্ধ্বগতি, বিএনপি ও বিরোধী দলীয় নেতাকর্মীদের উপর হামলা নির্যাতনের প্রতিবাদে শনিবার শহীদ সুলেমান হলে জেলা বিএনপি ঘোষিত বিক্ষোভ সমাবেশকে সর্বাত্মকভাবে সফল করতে হবে। শনিবারের সমাবেশ সফলের
আহ্বান সিলেট জেলা বিএনপির
শনিবার বেলা ২টায় নগরীর দরগাগেইটস্থ কেন্দ্রীয় মুসলিম সাহিত্য সংসদের শহীদ সুলেমান হলে অনুষ্ঠিতব্য বিক্ষোভ সমাবেশ সফলের আহ্বান জানিয়েছেন সিলেট জেলা বিএনপির নেতৃবৃন্দ।
শুক্রবার রাতে এক বিবৃতিতে সিলেট জেলা বিএনপির সভাপতি আব্দুল কাইয়ুম চৌধুরী ও সাধারণ সম্পাদক এডভোকেট এমরান চৌধুরী বলেন, প্রতিকূল আবহাওয়ার কারণে শনিবারের সমাবেশের স্থা নরেজিষ্টারী মাঠের পরিবর্তে বেলা ২টায় শহীদ সুলেমান হলে অনুষ্ঠিত হবে। যথাসময়ে উপস্থিত থেকে সমাবেশ সফল করার জন্য জেলা বিএনপি অঙ্গ ও সহযোগী সংগঠন, জেলার আওতাধীন উপজেলা ও পৌর বিএনপি অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান তারা।